
# Graduate Production Process Book

Submitted to The Department of Television, Film and Photography

University of Dhaka




Submitted By

Exam Roll: 94803

Registration No: 2018624845

This book is written under the course TFP 419- Graduate Production

| | |
|---|---|
| Film Title: Shototo He Narod | সতত হে নারদ |
| Production Year: 2023 | ২০২৩ |
| Length:  11 minutes 33 seconds | ১১ মিনিট ৩৩ সেকেন্ড |
| Director’s Name: Bikromaditto | বিক্রমাদিত্য |
| Session: 2018-19 | ২০১৮-১৯ |
| Exam Roll: 94803 | ৯৪৮০৩ |
| Registration Number: 2018624845 | ২০১৮৬২৪৮৪৫ |
| Supervised by | তত্ত্বাবয়ানে |
| SM Imran Hossain | এস এম ইমরান হোসেন |
| Assistant Professor | সহকারী অধ্যাপক |
| Department of Television, Film and Photography | টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগ |
| University of Dhaka | ঢাকা বিশ্ববিদ্যালয় |

## Acknowledgments

First and foremost, I am grateful to my supervisor, Mr. SM Imran Hossain, for this production. His continuous support, input, advice, and encouragement have given me the courage to work on this different kind of project. Next, I would like to thank my crew. They have been able to grasp my unconventional perspective and have given me satisfactory results. Not only that, they have added their own insights to the project for its betterment. This project would have been impossible without the shelter and care of my dear uncle and aunt, who are my guardians in Natore. I am also grateful to the people of Natore, and to everyone who saw my project under construction and enriched it with valuable advice.

## কৃতজ্ঞতা

আমি এই প্রযোজনার জন্য সর্বপ্রথম আমার তত্ত্বাবধায়ক জনাব এস এম ইমরান হোসেনের কাছে কৃতজ্ঞ। তাঁর নিরবিচ্ছিন্ন সমর্থন, সংযোজন, পরামর্শ ও উৎসাহ আমাকে এই ভিন্ন ধরনের প্রকল্প নিয়ে কাজ করতে সাহস জুগিয়েছে। এরপরে আমি ধন্যবাদ জানাতে চাই আমার কলাকুশলীদের। আমার প্রথাবিরুদ্ধ দৃষ্টিভঙ্গিকে তারা ধারণ করতে পেরেছেন এবং সন্তোষজনক ফলাফল আমাকে দিয়েছেন। শুধু তাই নয়, নিজেরা অধিকার নিয়ে এই প্রকল্পের মঙ্গলের জন্য অন্তর্ভুক্তি যোগ করেছেন। আমার প্রিয় কাকা ও কাকি, যারা নাটোরে আমার অভিভাবক, তাদের আশ্রয় ও যত্ন ছাড়া এই প্রকল্প অসম্ভব ছিল। সেই সাথে আমি কৃতজ্ঞ নাটোরবাসীর প্রতি এবং কৃতজ্ঞ তাদের সবার প্রতি যারা আমার প্রকল্প নির্মাণাধীন অবস্থায় দেখেছেন এবং মূল্যবান পরামর্শ দিয়ে একে সমৃদ্ধ করেছেন।

## Prologue

This process book will explore the development of my graduate film production according to the production phases (known as pre-production, production, and postproduction). I will focus on how I have applied valuable information learned from workshops, supervision sessions, and teachers. My production planning and design will also be included. I will also share the difficulties and challenges I faced during all the production stages. Finally, I will overview my learnings and experiences throughout the production process.

## প্রস্তাবনা

এই প্রক্রিয়া গ্রন্থটি প্রযোজনা পর্যায় (যা প্রাক-নির্মাণ, নির্মাণ এবং নির্মাণ-পরবর্তী পর্যায় নামে পরিচিত) অনুসারে আমার স্নাতক ফিল্ম প্রযোজনার অগ্রগতি পর্যালোচনা করবে। আমি কীভাবে কর্মশালা, তত্ত্বাবধানের অধিবেশন এবং শিক্ষকদের কাছ থেকে শেখা মূল্যবান তথ্যের বাস্তবায়ন ঘটিয়েছি সেদিকে আলোকপাত করব। আমার প্রযোজনার পরিকল্পনা ও নকশাও অন্তর্ভুক্ত করা হবে। এছাড়াও, প্রযোজনার সব পর্যায়ে সম্মুখীন হওয়া আমার অসুবিধা ও চ্যালেঞ্জগুলো বিস্তার করব। পরিশেষে, আমি সমগ্র প্রযোজনার প্রক্রিয়া জুড়ে আমার শিক্ষা ও অভিজ্ঞতার সারসংক্ষেপ তুলে ধরব।

## Table of Contents


**PHASE 1: PRE-PRODUCTION**..........5
1.1. Idea Generation and Development Process..........7
1.2. Research..........9
1.2.1. Review of Related Works..........13
1.3. Outlining..........16
1.4. Pitching Proposal..........18
1.4.1. Logline..........20
1.4.2. Synopsis..........21
1.4.3. Treatment..........22
1.4.4. Tentative Budget..........26
1.5. Production Schedule..........28
1.6. Detailed Structure..........30
1.7. Crew Details..........34
1.8. Location Recce..........36
1.9. Selecting the Voices..........37
1.10. Budget (Real)..........42
1.11. Schedule Breakdown..........43
1.12. Technical Equipment List..........47
1.13. Production Shot List..........49
1.14. Pre-Production Stills..........51
1.15. Pre-Production Experience..........52
**PHASE 2: PRODUCTION**..........53
2.1. Production Stills..........55
2.2. Production Experience..........56
**PHASE 3: POST-PRODUCTION**..........58
3.1. Post-Production Tools..........59
3.1.1. Sequence Settings..........59
3.1.2. Layers in Timeline..........60
3.1.3. Export Settings..........61
3.2. Credit Line Details..........62
3.3. QR Code to the Film..........64
3.4. Graphics..........65
3.5. Film Poster..........67
3.6. Post Production Stills..........69
3.7. Post-Production Experience..........71

# PHASE 1: PRE-PRODUCTION

This is the very first stage in a production process. A director tries to get an idea about the project and does every preparation for shooting in this phase. The pre-production phase consists of many important segments and decisions. The main parts of this phase are–

- Idea Generation and Development
- Research
- Review of Related Works
- Outlining
- Detailed Structure
- Proposal for the Pitching Session
- Selecting the Voices
- Realistic Budget
- Team Formation
- Location Scouting
- Meeting with the Crew
- Shot List
- Schedule Breakdown

After the pre-production phase, production begins. This phase ensures that everything is executed according to planning and budget.

## পর্যায় ১: প্রাক-নির্মাণ

এই প্রাক-নির্মাণ পর্যায়টি যেকোনো নির্মাণ প্রক্রিয়ার মূল ভিত্তি। এই পর্যায়ে পরিচালক প্রকল্প সম্পর্কে ধারণা লাভের চেষ্টা করেন এবং শুটিংয়ের জন্য প্রতিটি প্রস্তুতি সম্পন্ন করেন। প্রাক-প্রযোজনার পর্যায়ে অনেক গুরুত্বপূর্ণ অংশ ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই পর্যায়ের প্রধান অংশগুলো হল–


- ধারণা উৎপাদন ও বিকাশ
- গবেষণা
- প্রাসঙ্গিক কর্ম পর্যালোচনা
- রূপরেখা তৈরি
- বিস্তারিত কাঠামো
- পিচিংয়ের জন্য প্রস্তাবনা তৈরি
- বক্তা নির্বাচন
- বাস্তবসম্মত বাজেট।
- দল গঠন
- স্থান নির্বাচন
- কলাকুশলীদের সভা
- দৃশ্য তালিকা
- প্রযোজনার কল শিট

এই প্রাক-প্রযোজনার পর্যায়টি সফলভাবে সম্পন্ন হলে সুষ্ঠুভাবে নির্মাণ প্রক্রিয়া শুরু করা যায়। এটি নিশ্চিত করে যে সবকিছুই আগে থেকে পরিকল্পনা অনুযায়ী এবং বাজেট মেনে চালানো হয়।

## 1.1. Idea Generation and Development Process

Natore is my grandfather's house, my father's birthplace. I spent a large part of my childhood on the banks of the river Narod. I have seen Narod since childhood in the form of a pond. The black water is home to water hyacinths and mosquitoes. The pungent smell of sugar mill chemicals is all around. But I have heard so many legends about this Narod River. As I grew older, I felt a longing to get back to the mythical Narod. I feel a responsibility to save this river from the all-consuming hunger of capitalism, just like countless people in Natore. This is where the idea of making this documentary comes from.

One of the six pillars of the Government of the People’s Republic of Bangladesh's “Delta Plan-2100” is river management. ‘Sustainable development by conserving nature and the environment’ is the slogan of the 21st century. Keeping this slogan in mind, I want to make this documentary. Although I do not have the resources to work on the countless dead and dying rivers of Bangladesh at this moment, it is within my grasp to make a documentary about the Narod of my own land, which is also my duty as a student of film and media.


Somoy Tv

দখল হয়ে যাচ্ছে নাটোরে নারদ নদ

নাটোরে গত তিন বছরে তিন বার নারদ নদ থেকে দখলদারদের উচ্ছেদ করা হলেও তা আবারও দখল হয়ে গেছে।

৫ অক্টো, ২০২২

শেয়ার বিজ

ধুঁকে ধুঁকে মরছে নারদ নদ – শেয়ার বিজ

সাধন সরকার: জালের মতো ছড়িয়ে-ছিটিয়ে থাকা নদনদীগুলো দেশের অভ্যন্তরে পানির প্রবাহ সচল রাখে, প্রাণের সঞ্চার করে।

১২ জুল, ২০১৯

Image: News on Narod

**ধারণা উৎপাদন ও বিকাশ**

নাটোর আমার দাদার বাড়ি, আমার বাবার জন্মস্থান। আমার শৈশবের একটা বড় অংশ কেটেছে নারদের পাড়েই। আমি আশৈশব নারদকে দেখেছি ডোবার চেহারায়। মিশমিশে কালো জলে কচুরিপানা আর মশার আবাস। চতুর্দিকে সুগার মিলের রাসায়নিকের কটু গন্ধ। অথচ এই নারদ নদ নিয়ে কত কিংবদন্তি শুনেছি। বয়স বাড়ার সাথে সাথে আমার মধ্যে হাহাকার তৈরি হয়েছে রূপকথার সেই নারদকে ফিরে পাওয়ার। পুঁজিবাদের সর্বগ্রাসী ক্ষুধা থেকে এই নদীকে বাঁচানোর জন্য নাটোরের অসংখ্য মানুষের মতো আমি দায় অনুভব করি। সেই দায় থেকেই এই নির্মাণভাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০'-এর ছয়টি স্তম্ভের একটি হলো নদী ব্যবস্থাপনা। প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ করে টেকসই উন্নয়ন-একবিংশ শতাব্দীর এটিই স্লোগান। সেই স্লোগানকে সামনে রেখে আমি এই প্রামাণ্যচিত্রটি তৈরি করতে চাই। বাংলাদেশের অসংখ্য মৃত ও মৃতপ্রায় নদী নিয়ে কাজ করার মতো 'রিসোর্স' এই মুহূর্তে আমার হাতে না-থাকলেও আমার নিজ ভূমির নারদকে নিয়ে তথ্যচিত্র নির্মাণ আমার আয়ত্ত্বাধীন, যা চলচ্চিত্র ও গণমাধ্যমের একজন শিক্ষার্থী হিসেবে আমার কর্তব্যের মধ্যেও পড়ে।

## 1.2. Research

Since the 1980s, the whole country has come under the purview of industrialization. State-owned and privately owned industrial mills and factories are being built. The wheel of development of the country continues to turn. Neo-liberal policies are engulfing Bangladesh as well as the rest of the world. Capitalism, whose greed is negligible to nature and the environment, occupies the country.

Natore Sugar Mill Limited was established in 1985 in Natore Sadar under the management of the Sugar Industry Corporation. It is one of the largest state-owned sugar mills in the country. There is a Kishoan Agro Limited factory (a Bonoful Company branch) in the village of Chandpur, Natore. The main factory of Pran Agro Limited is located in the part of the village of Ekdala. There is also a factory of Jamuna Steel. These institutions have created employment opportunities for many in Natore. They are also like giants in the country's economy. But thousands of liters of polluted liquid waste are being dumped into the open chest of the Narod River from all these factories every day. As a result, the river's water and surrounding nature have been severely polluted. In addition, the people living on the banks of the river have occupied the river and built hundreds of illegal structures including houses, gardens, and educational institutions.

I went through books, journals, and news articles on Narod. The following is a list of the sources I went through for my research before I outlined the structure of my documentary–

1. **দখলে হারিয়ে যেতে বসেছে নাটোরের নারদ নদ.** (2023, February 20). YouTube. https://www.youtube.com/watch?v=KisG9UFYBaM

2. *নারদ নদ - উইকিপিডিয়া*. (n.d.). নারদ নদ - উইকিপিডিয়া. https://bn.wikipedia.org/wiki/%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A6_%E0%A6%A8%E0%A6%A6
3. *নাটোর চিনি কল লিমিটেড - উইকিপিডিয়া*. (1982, January 1). নাটোর চিনি কল লিমিটেড - উইকিপিডিয়া. https://bn.wikipedia.org/wiki/%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%9F%E0%A7%8B%E0%A6%B0_%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BF_%E0%A6%95%E0%A6%B2_%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%9F%E0%A7%87%E0%A6%A1
4. (n.d.). *নারদ নদকে দখল-দূষণ থেকে রক্ষার দাবিতে মানববন্ধন*. Prothomalo. https://www.prothomalo.com/bangladesh/district/ie7deplexg
5. নিউজ. (n.d.). দখল হয়ে যাচ্ছে নাটোরে নারদ নদ | বাংলাদেশ. Somoy News. https://www.somoynews.tv/news/2022-10-05/%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%9F%E0%A7%8B%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A6-%E0%A6%A8%E0%A6%A6-%E0%A6%A6%E0%A6%96%E0%A6%B2%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%89%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%AC
6. Sangbad, P. (n.d.). ধুঁকে ধুঁকে মরছে নারদ নদ. Protidiner Sangbad. https://www.protidinersangbad.com/todays-newspaper/editor-choice/174739/ধুঁকে-ধুঁকে-মরছে-নারদ-নদ
7. B. (2022, February 2). নাটোরে বাঁধের মাটি যাচ্ছে ইটভাটায়! banglanews24.com. https://www.banglanews24.com/environment-biodiversity/news/bd/909758.details

8. প্রতিবেদক. (n.d.). রাজশাহীতে হারিয়েছে ৯টি নদী, ১০০ বছর পর একটি উদ্ধার. Prothomalo. https://www.prothomalo.com/bangladesh/environment/রাজশাহীতে-হারিয়েছে-৯টি-নদী-১০০-বছর-পর-একটি-উদ্ধার
9. D. (n.d.). *মরছে রাজশাহীর নদ-নদী*. Dhakatimes News. https://www.dhakatimes24.com/2019/03/22/116906/মরছে-রাজশাহীর-নদ-নদী
10. নাটোর চিনিকল ইটিপি ব্যবহার করছে. (2020, February 23). আজকের বাজার. https://www.ajkerbazzar.com/%e0%a6%a8%e0%a6%be%e0%a6%9f%e0%a7%8b%e0%a6%b0-%e0%a6%9a%e0%a6%bf%e0%a6%a8%e0%a6%bf%e0%a6%95%e0%a6%b2-%e0%a6%87%e0%a6%9f%e0%a6%bf%e0%a6%aa%e0%a6%bf-%e0%a6%ac%e0%a7%8d%e0%a6%af%e0%a6%ac%e0%a6%b9/146417
11. নদীর গুরুত্ব ও আদালতের রায়. (n.d.). Jugantor. https://www.jugantor.com/todays-paper/little-talk/540137/নদীর-গুরুত্ব-ও-আদালতের-রায়
12. সিদ্দিকী, ম. (2013). *নারদ নদ*. আগামী প্রকাশনী.
13. পাল, স. (2007). *নাটোরের ইতিহাস*. গতিধারা.
14. *বাংলাদেশের নদ-নদী রক্ষায় খসড়া আইনে যা বলা হয়েছে - BBC News বাংলা*. (n.d.). BBC News বাংলা. https://www.bbc.com/bengali/news-55155246
15. নিউজ. (n.d.). নদী রক্ষা প্রকল্প আলোর মুখ দেখেনি, ফলে দূষণ আরও বেড়েছে | বাংলাদেশ. Somoy News. https://www.somoynews.tv/news/2022-09-25/%E0%A6%A8%E0%A6%A6%E0%A7%80-%E0%A6%B0%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%95%E0%A6%B2%E0%A7%8D%E0%A6%AA-%E0%A6%95%E0%A6%BE%E0%A6%9C%E0%A7%87-%E0%A6%86%E0%A6%B8%E0%A7%87%E0%A6%A8%E0%A6%BF-%E0

**অনুসন্ধান**

১৯৮০-র দশক থেকে সারা দেশই ব্যাপক শিল্পায়নের অধীনে আসে। তৈরি হতে থাকে রাষ্ট্রায়ত্ত ও ব্যক্তি মালিকানাধীন শিল্প কল-কারখানা। দেশের উন্নয়নের চাকা ঘুরতে থাকে। সারা পৃথিবীর মতো বাংলাদেশকেও গ্রাস করে নব্য-উদারবাদী নীতি। দেশ দখলে নেয় পুঁজিবাদ, যার লালসার কাছে প্রকৃতি ও পরিবেশ উপেক্ষণীয়।

চিনি শিল্প করপোরেশনের ব্যবস্থাপনায় ১৯৮৫ সালে নাটোর সদরে প্রতিষ্ঠিত হয় নাটোর চিনি কল লিমিটেড। এটি দেশের অন্যতম বৃহৎ রাষ্ট্রায়ত্ত চিনিকল। নাটোরের চাঁদপুর নামক গ্রামে রয়েছে কিশোয়ান এগ্রো লিমিটেড (বনফুল কোম্পানির শাখা)-এর কারখানা। একডালা নামক গ্রামের অংশে রয়েছে প্রাণ এগ্রো লিমিটেডের প্রধান কারখানা। আরো রয়েছে যমুনা স্টীলসের কারখানা। নাটোরের বহু কর্মসংস্থানের সুযোগ করেছে এই প্রতিষ্ঠানগুলো। দেশের অর্থনীতিতেও তারা দানব সদৃশ। কিন্তু এই সব কারখানা থেকে প্রতিদিন হাজার হাজার লিটার দূষিত তরল বর্জ্য ফেলা হচ্ছে নারদ নদের উন্মুক্ত বুকে। ফলে নদীর জলসহ পরিপার্শ্বের প্রকৃতি ভয়াবহভাবে দূষিত হয়ে গেছে। এছাড়া নদীর তীরবর্তী মানুষেরা নদীটির দখল নিয়ে বাড়িঘর, বাগান ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ শত শত অবৈধ স্থাপনা গড়ে তুলেছে।

এই বিষয়ে অনুসন্ধান করতে গিয়ে যে সমস্ত পুস্তক ও সংবাদের পাঠ নিতে হয়েছে তার তালিকা পূর্ববর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য।





Image: Literatures on Narod

### 1.2.1. Review of Related Works

In the initial stage, I observed both released and under-construction documentaries on rivers and river pollution. The common feature of almost every construction is its 'journalistic approach'. Here are some examples of such documentaries in Bangladesh and outside Bangladesh.

At ATN News, seven documentaries on rivers have been aired: *বাঁচাও নদী-বাঁচাও জীবন, তুরাগ একটি নদের নাম, বাঁকখালীর বাঁকে বাঁকে হারিয়ে যাচ্ছে লবলং সাগর, চিলাই এখন মরা গাঙ্গ, শঙ্খ নদ : দি আমাজন অব বেঙ্গল ও সংকটে জীবন্ত সত্তা ।* These documentaries were directed by Mohammad Monir Hossain. Although the documentaries have news value, they are not of cinematic quality in terms of aesthetics.

The famous filmmaker Tanvir Mokammel is working on a documentary titled *Dhaleshwari Katha* with public funding, the subject of which is the various crises and prospects of the people of different professions on the banks of the Dhaleshwari River. In addition, the documentary will depict the interpersonal relationship between the river and humans and various aspects of river conservation. In contrast, in my documentary, I want to focus only on the path of the river, leaving aside the relationship between humans and the river, which will be the story of the birth, youth, death, and rebirth of Narod itself.

There are several documentaries based on voice-overs by the National River Protection Commission. This documentary has made allegations about large industrial institutions, even the Navy. It is also similar to a newsreel in terms of characteristics.

Internationally, Deutsche Welle has produced a documentary on the Sitaram, the most polluted river in the world, located in Indonesia. Similarly, The Guardian has produced a short documentary on the pollution of the Yamuna River, the most polluted river in India. The

construction of these two documentaries is participatory. However, in terms of construction style, my proposed film will be different from these documentaries.

Among all the others, the feature-length documentary *River* (2021) directed by Jennifer Peedom and Joseph Nizeti had the kind of emphasis on visuals that I found inspiring for my project. Although its representation was far too aesthetic than realistic for my documentary. However, I found the documentary to be truly cinematic.







Image: Notable Documentaries Relevant for My Research

**প্রাসঙ্গিক কর্ম পর্যালোচনা**

প্রাথমিক পর্যায়ে নদী ও নদী দূষণ নিয়ে কিছু প্রকাশিত ও নির্মাণাধীন প্রামাণ্যচিত্র আমি পর্যবেক্ষণ করেছি। প্রায় প্রতিটি নির্মাণেরই সাধারণ বৈশিষ্ট্য হলো এর 'জার্নালিস্টিক অ্যাপ্রোচ'। বাংলাদেশ ও বাংলাদেশের বাইরে এরকম কিছু প্রামাণ্যচিত্রের ব্যাপারে উল্লেখ করছি।

এটিএন নিউজে প্রচারিত নদী বিষয়ক ৭টি তথ্যচিত্র হলো– *বাঁচাও নদী-বাঁচাও জীবন, তুরাগ একটি নদের নাম, বাঁকখালীর বাঁকে বাঁকে হারিয়ে যাচ্ছে লবলং সাগর, চিলাই এখন মরা গাঙ্গ, শঙ্খ নদ : দি আমাজন অব বেঙ্গল ও সংকটে জীবন্ত সত্তা।* এই তথ্যচিত্রগুলোর নির্মাতা মুহাম্মদ মনির হোসেন। ডকুমেন্টরিগুলোর সংবাদমূল্য থাকলেও নান্দনিকতার দিক দিয়ে তা চলচ্চিত্রের শিল্পমানসম্পন্ন নয়।

গণ-অর্থায়নে *ধলেশ্বরী কথা* নামক একটি প্রামাণ্যচিত্রের কাজ করছেন খ্যাতনামা নির্মাতা তানভীর মোকাম্মেল, যার বিষয়বস্তু ধলেশ্বরী নদীপারের বিভিন্ন পেশাজীবী মানুষের নানা সংকট ও সম্ভাবনা। এছাড়াও নদীর সঙ্গে মানুষের আন্তঃমানবিক সম্পর্ক এবং নদী সংরক্ষণের নানা দিক প্রামাণ্যচিত্রটিতে চিত্রায়িত হবে। এর বিপরীতে, আমার প্রামাণ্যচিত্রে আমি মানুষের সাথে নদীর সম্পর্ককে উহ্য রেখে শুধুমাত্র নদীর পথচলায় মনোনিবেশ করতে চাই, যা হবে একান্তই নারদের নিজের জন্ম, যৌবন, মৃত্যু ও পুনর্জন্মের গল্প।

জাতীয় নদী রক্ষা কমিশনের ভয়েস-ওভার নির্ভর তথ্যচিত্র রয়েছে বেশ কয়েকটি নদীকে নিয়ে। এই তথ্যচিত্রে উঠে এসেছে বড় বড় শিল্প প্রতিষ্ঠানের নাম, এমনকি নৌবাহিনীর নামও। এটিও বৈশিষ্ট্যগত দিক দিয়ে নিউজ রিলের মতোই।

আন্তর্জাতিক পরিসরে, ইন্দোনেশিয়ায় অবস্থিত বিশ্বের সবচেয়ে দূষিত নদী সীতারাম নিয়ে একটি ডকুমেন্টারি নির্মাণ করেছে ডয়েচে ভ্যালে। একইভাবে, দি গার্ডিয়ান নির্মাণ করেছে ভারতের সর্বাধিক দূষিত যমুনা নদীর দূষণ নিয়ে একটি স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র। এই দুই তথ্যচিত্রের নির্মাণ অংশগ্রহণমূলক। তবে নির্মাণশৈলীর দিক দিয়ে এইসব প্রামাণ্যচিত্রের থেকে আমার প্রস্তাবিত চলচ্চিত্র হবে ভিন্ন।

অন্যান্যদের মধ্যে জেনিফার পীদম ও যোসেফ নিজোটি নির্মিত *রিভার* (২০২১) প্রামাণ্যচিত্রটি দৃশ্যমাধ্যমের ওপর সেই পর্যায়ের গুরুত্ব দিয়েছে যা আমার প্রকল্পের জন্য অনুপ্রেরণাদায়ক ছিল। যদিও এর উপস্থাপনা যত্তটা নান্দনিক ততটা বাস্তবনির্ভর না যেমন আমি আমার ছবিতে চেয়েছি। তবে, আমার মনে হয়েছে যে প্রামাণ্যচিত্রটি সত্যিই 'সিনেম্যাটিক'।

### 1.3. Outlining

After the research, I started creating an outline of my project. These were the key-elements of my outline–

a. Mode: Observational
b. Focus: The past, present and future of Narod.
c. Location: Natore, Rajshahi (different factories, occupied banks of Narod, its source)
d. Narration: Threre will be no voice-over, the people on-camera will narrate off-camera
e. Duration: 8 to 12 minutes
f. Visuals: The remains of Narod, the pollution, the occupation
g. Voices: Historian, geologist, environment activist, people living beside Narod, old man/woman

This has been the primary outline of my documentary. Then I created a more detailed proposal from this outline to receive the approval of my supervisor for my project.

## রূপরেখা তৈরি

অনুসন্ধান ও গবেষণার পর আমি আমার প্রকল্পের রূপরেখা তৈরিতে মনোনিবেশ করলাম। নিম্নলিখিত বিষয়গুলো ছিল আমার মূল উপাদান–

ক. মোড: পর্যবেক্ষণমূলক

খ. লক্ষ্যবস্তু: নারদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ

গ. স্থান: নাটোর, রাজশাহী (বিভিন্ন কলকারখানা, নারদ পাড়ের দখলকৃত জায়গা, নারদের উৎসমুখ)

ঘ. কথা: ভয়েস-ওভার থাকছে না, ক্যামেরায় যারা কথা বলবেন তারাই নেপথ্যে বর্ণনা করবেন

ঙ. দৈর্ঘ্য: ৮ থেকে ১২ মিনিট

চ. দৃশ্য: নারদের দেহাবশেষ, এর দখল ও দূষণ

ছ. বক্তা: ইতিহাসবিদ, ভূগোলবিদ, পরিবেশ আন্দোলনকর্মী, নারদ পাড়ের বাসিন্দা, বৃদ্ধ/বৃদ্ধা

এটি ছিল আমার প্রামাণ্যচিত্রের প্রাথমিক পরিকল্পনা। এরপর, আমি এই পরিকল্পনা থেকে আরো বিস্তারিত প্রস্তাবনা তৈরি করেছি আমার প্রকল্পের জন্য আমার তত্ত্বাবধায়কের অনুমোদন লাভের জন্য।

## 1.4. Pitching Proposal

In a pitching session, the director needs to present the key ideas of his production. He needs to give a clear view of what he is going to do. Pitching can help a director to get funds for his project along with valuable feedback.

After the primary approval of my draft proposal, there was a session held in my department for all the students of the final semester on October 10. Faculty members and guests were present in the session as the audience. I prepared a multimedia presentation for my pitching. My presentation consisted of the following elements–

- Logline
- Synopsis
- Treatment
- Tentative Budget

After my pitch, I faced questions from the audience. They gave me valuable feedback. I took notes from their suggestions to enrich my project in upcoming phases.



Image: Pitching of 'Shototo He Nod'

**প্রস্তাবনা পিচ করা**

পিচিং সেশনে পরিচালককে তার প্রযোজনার মূল বিষয়গুলো উপস্থাপন করতে হয়। তাকে তার পরিকল্পনার স্বচ্ছ ধারণা দিতে হবে। পিচিং পরিচালককে তার প্রকল্পের জন্য অর্থায়ন পাওয়ার পাশাপাশি মূল্যবান প্রতিক্রিয়া পাওয়ার সুযোগ দেয়।

খসড়া প্রস্তাবনার প্রাথমিক অনুমোদনের পর, আমার বিভাগে চূড়ান্ত সেমিস্টারের সব শিক্ষার্থীর জন্য একটি পিচিং সেশন হয়েছিল ১০ অক্টোবর। ফ্যাকাল্টি সদস্য এবং অতিথিবৃন্দ এই সেশনে দর্শক হিসেবে উপস্থিত ছিলেন। আমি আমার পিচিংয়ের জন্য একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা প্রস্তুত করেছিলাম। আমার উপস্থাপনায় নিম্নলিখিত উপাদানগুলি ছিল–

- লগলাইন
- সারমর্ম
- ট্রিটমেন্ট
- প্রস্তাবিত বাজেট

আমার পিচিংয়ের পর, দর্শকদের কাছ থেকে প্রশ্নের মুখোমুখি হয়েছিলাম। তারা আমাকে মূল্যবান প্রতিক্রিয়া দিয়েছিলেন। আগামী পর্যায়ে আমার প্রকল্পকে সমৃদ্ধ করার জন্য তাদের পরামর্শ থেকে নোট নিয়েছিলাম।

### 1.4.1. Logline

People of Natore recollect their memories of a dying river.

### লগলাইন

এক মৃতপ্রায় নদের স্মৃতিচারণ করে নাটোরের মানুষ।





Image: Narod's Location on Map Presented in the Pitch

### 1.4.2. Synopsis

Narod is a dying river, to some. To some, it is dead already. Pollution and occupation have turned a flowing river into an odorous drain. A pr ofessor, a writer, an activist, a musician, a 90-year-old man, and two local women are witnesses of Narod in its lively years. All of them share their memories and thoughts on Narod. Does it have the slightest chance of revival or is it lost forever?

### সারমর্ম

নারদ কিছু মানুষের চোখে মৃত্যুর দোরগোড়ায়, কারোর কাছে ইতোমধ্যেই মৃত। দূষণ ও দখলদারির হাতে এই প্রবাহমান নদী পরিণত হয়েছে ঘ্রাণময় নর্দিতে। একজন অধ্যাপক, একজন লেখক, একজন কর্মী, একজন সুরকার, একজন নব্বই বছর বয়সী মানুষ ও দুইজন স্থানীয় নারীর জীবন্ত নারদের সাক্ষী। তারা সবাই তাদের স্মৃতি ও চিন্তাভাবনা এই নদী সম্পর্কে ভাগ করে নেয়। এটার পুনরুজ্জীবনের সামান্যতম সম্ভাবনা আছে, নাকি চিরতরেই হারিয়ে গেছে?

### 1.4.3. Treatment

According to my vision, the cinematography of my short film would follow the style of the British “Free Cinema Movement” of the 1950s. These were social realist short documentaries that used handheld shots, and unpolished audio, without any kind of interference with the subjects. Their mode refers to the observational mode.

***Film Reference*** My biggest reference for its treatment would be *Enginemen* (1959) directed by Michael Grigsby. It records the life and work of engine workers in a locomotive shed just outside Manchester. At the time of British Railways’ changeover from steam to diesel, the film explores their sense of loss and frustration with poetry and compassion but shorn of sentimentality. Like earlier Free Cinema films by the likes of Lindsay Anderson, Karel Reisz, and Tony Richardson, *Enginemen* employs an impressionist disconnection between what we hear and what we see, shunning voice-over commentary. For instance, as the camera pans across the canteen room, focusing on the men’s bewildered faces, we hear some of them describing how they feel about the coming of diesel engines with a hint of nostalgia.




Image: Title of *Enginemen*

***Framing*** We compare a river to time. And, we who are used to writing scripts that start from the left side, imagine the timeline as starting from the left side. The past is on the left and the future is on the right. For this reason, I will leave more space on the left of the frame for speakers who talk about the past.

***Lens Selection*** Since I will work in an observational mode, my lens will be compatible with human vision. On Sony's full-frame lens, this is close to 35mm. Therefore, most of the pictures will be taken in 35mm.

***Camera Position*** The camera height will be at eye level. I will not take pictures from any special angle. I will not take pictures from a very high place or with a drone. In short, I will not place the camera in any extreme position where the human eye cannot reach.

***Camera Movement*** I have already said that the camera will be moving. However since zoom in-zoom out is not compatible with human vision, these will be avoided.

***Mood*** I will take footage in Sony camera's s log 3 to re-color it according to my needs in post-production later. The color will be cool; but close to natural colors. The speed will be slow. The background music will be a classical tune played on a sitar. I think the sound of the sitar is in harmony with the waves of the river. It can also create a mood of both joy and sorrow at the same time.

**ট্রিটমেন্ট**

আমার স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের চিত্রগ্রহণ, আমার দৃষ্টিভঙ্গি অনুযায়ী, ১৯৫০-এর দশকের ব্রিটিশ 'ফ্রি সিনেমা মুভমেন্ট' এর ধারাকে অনুসরণ করবে। এগুলি ছিল সামাজিক বাস্তবতাবাদী ছোট প্রামাণ্যচিত্র, যেগুলিতে হাতে-ধরা শট এবং খাঁটি অডিও ব্যবহার করা হয়েছিল, বিষয়বস্তুর সাথে কোনো ধরণের হস্তক্ষেপ ছাড়াই। তাদের পদ্ধতি পর্যবেক্ষণ পদ্ধতি হিসেবে উল্লেখ করা হয়।

***ছবির রেফারেন্স*** এই চিত্রগ্রহণের জন্য আমার সবচেয়ে বড় রেফারেন্স হবে মাইকেল গ্রিগসবি পরিচালিত *ইঞ্জিনমেন* (১৯৫৯)। এটি ম্যানচেস্টারের বাইরেই একটি লোকোমোটিভ শেডে ইঞ্জিন শ্রমিকদের জীবন ও কাজের রেকর্ড করে। ব্রিটিশ রেলওয়েতে কয়লার থেকে ডিজেল ইঞ্জিনে রূপান্তরের সময়ে, এই চলচ্চিত্রটি কবিতা ও করুণা দিয়ে তাদের হতাশা ও হতাশার অনুভূতি অনুসন্ধান করে, কিন্তু কোনো মাত্রায় আবেগপূর্ণ নয়। লিন্ডসে অ্যান্ডারসন, কারেল রেইজ এবং টনি রিচার্ডসনের মতো পূর্বের ফ্রি সিনেমা চলচ্চিত্রের মতো, *ইঞ্জিনমেন* আমরা যা শুনি এবং যা দেখি তার মধ্যে একটি ছাপ আলাদা করে, কথকের বর্ণনা এড়িয়ে চলে। উদাহরণস্বরূপ, ক্যামেরা যখন ক্যান্টিন রুম জুড়ে ঘুরে বেড়ায়, পুরুষদের বিভ্রান্ত মুখের দিকে ফোকাস করে, আমরা তাদের কিছুজনকে ডিজেল ইঞ্জিন আসার বিষয়ে একটু উদাসীনতার সাথে তাদের অনুভূতি বর্ণনা করতে শুনি।

***ফ্রেমিং*** আমরা নদীকে সময়ের সাথে তুলনা করি। আর, আমরা যারা বাম পাশ থেকে শুরু হওয়া লিপি দ্বারা লিখে অভ্যস্ত, তারা সময়রেখাকে বাম পাশ থেকে শুরু বলে কল্পনা করি। অর্থাৎ অতীত বাম দিকে আর ভবিষ্যৎ ডান দিকে। এই কারণে বক্তারা যারা যত দূর অতীতের কথা বলবেন তাদের ফ্রেমের বামে তত বেশি জায়গা ছাড়ব।

***লেন্স নির্বাচন*** আমি যেহেতু পর্যবেক্ষণমূলক মোডে কাজ করব তাই আমার লেন্স হবে মানুষের দৃষ্টির সাথে সামঞ্জস্যপূর্ণ। সনির ফুল সেন্সর লেন্সে এটি ৩৫ মিমি এর কাছাকাছি। তাই সিংহভাগ ছবি নেয়া হবে ৩৫ মিমি-এ।

***ক্যামেরার অবস্থান*** ক্যামেরার উচ্চতা হবে চোখের সমপর্যায়ে। কোনো বিশেষ কোণ থেকে ছবি নিব না। অতি উচ্চ স্থান থেকে অথবা ড্রোনের সাহায্যে ছবি নিব না। মোট কথা, মানুষের চোখ যেখানে পৌঁছাতে পারে না এমন কোনো অতিশয় অবস্থানে ক্যামেরাকে স্থাপন করব না।

***ক্যামেরার গতি*** আগেই বলেছি যে ক্যামেরা গতিশীল হবে। কিন্তু জুম ইন-জুম আউট যেহেতু মানুষের দৃষ্টির সাথে সঙ্গতিপূর্ণ নয় তাই এগুলো পরিহার করা হবে।

***মেজাজ*** সনি ক্যামেরার s log 3-তে আমি ফুটেজ নিব যাতে পরবর্তীতে পোস্ট প্রোডাকশনে নিজের চাহিদামতো আবার রঙ করতে পারি। রঙ হবে শীতল; তবে অবশ্যই প্রাকৃতিক রঙের কাছাকাছি। গতি হবে মন্থর। আবহ সঙ্গীত হিসেবে থাকবে সেতারে তোলা কোনো ধ্রুপদী সুর। আমার মনে হয় সেতারের রিনিঝিনি নদীর তরঙ্গের সাথে ঐকতানপূর্ণ। আবার এটি একই সাথে আনন্দ ও বেদনার আবহ তৈরি করতে সক্ষম।

#### 1.4.4. Tentative Budget

I drafted a budget in my proposal that falls within the limit of my personal expenditure. I was not too interested in sourcing any funds for my project. Because financers would require a semi-fixed outline to rely on and I had no intention of sticking to an outline while shooting. I had the confidence in myself to pull out a story in the post-production process.

| Phase | Sector | Allotment | Sub-total |
|---|---|---|---|
| Pre-production | Research (Books and Journals) | 3,000/= | 12,000/= |
| | Printing, Photocopy, and Communication | 1,000/= | |
| | Equipment (Camera, microphone, gimbal,) | 8,000/= | |
| Production | Transportation | 10,000/= | 22,000/= |
| | Food | 7,000/= | |
| | Remuneration | 5,000/= | |
| Post-production | Transportation | 2,000/= | 4,000/= |
| | Food | 1,500/= | |
| | Pendrive | 500/= | |
| Others | | 2,000/= | 2,000/= |
| Total | | 40,000/= | |

**প্রস্তাবিত বাজেট**

আমার প্রস্তাবনায় আমি এমন একটি বাজেটের খসড়া তৈরি করেছিলাম যা আমার ব্যক্তিগত খরচের সীমানার মধ্যে পড়ে। আমার প্রকল্পের জন্য কোনো অর্থ সংগ্রহে খুব বেশি আগ্রহী ছিলাম না। কারণ অর্থদাতারা নির্ভর করার জন্য একটি আধা-নিশ্চিত রূপরেখা চাইবেন এবং শুটিং করার সময় আমার রূপরেখায় আটকে থাকার কোনো ইচ্ছা ছিল না। পোস্ট-প্রোডাকশন প্রক্রিয়ায় গল্প বের করে আনার জন্য আমার নিজের উপর আস্থা ছিল।

| পর্যায় | খাত | বরাদ্দ | মোট |
|---|---|---|---|
| প্রি-প্রোডাকশন | গবেষণা (বই, পত্রিকা) | ৩,০০০/= | ১২,০০০/= |
| | মুদ্রণ, ফটোকপি ও যোগাযোগ | ১,০০০/= | |
| | সরঞ্জাম (ক্যামেরা, মাইক্রোফোন, গিম্বল, ট্রাইপড) | ৮,০০০/= | |
| প্রোডাকশন | যাতায়াত | ১০,০০০/= | ২২,০০০/= |
| | খাবার | ৭,০০০/= | |
| | সম্মানী | ৫,০০০/= | |
| পোস্ট প্রোডাকশন | যাতায়াত | ২,০০০/= | ৪,০০০/= |
| | খাবার | ১,৫০০/= | |
| | পেন ড্রাইভ | ৫০০/= | |
| | অন্যান্য | ৫,০০০/= | |
| মোট | | ৪০,০০০/= | |

## 1.5. Production Schedule

It should be mentioned that I have been planning for this documentary for an indefinite amount of time. Though for the sake of official documentation, I have confined a limited duration for pre-production the planning and development process of this project had taken years.  I always wanted to make this documentary and had been planning, discussing, location scouting, and selecting voices for a very long time.

| Phases | | Deadlines |
|---|---|---|
| Preproduction | Planning, research, proposal, communication | October 10 |
| | Location scouting, recruitment | October 29 |
| | Technical recce, schedule breakdown | November 20 |
| Production | Location shooting | December 10 |
| | Interviews | December 15 |
| Post-production | Rough cut | December 23 |
| | Fine cut | December 27 |
| | Submission | December 31 |

**প্রযোজনা শিডিউল**

এই প্রামাণ্যচিত্র সম্পর্কে আমার পরিকল্পনা অনির্দিষ্টকাল ধরে চলছে এটা উল্লেখ করা প্রয়োজন। যদিও আনুষ্ঠানিক নথির কাজের জন্য, আমি প্রাক-প্রযোজনার জন্য একটি সীমিত সময়সীমা নির্ধারণ করেছি, তবে এই প্রকল্পের পরিকল্পনা ও উন্নয়ন প্রক্রিয়া বছরের পর বছর চলেছে। আমি সবসময় এই প্রামাণ্যচিত্রটি বানাতে চেয়েছিলাম এবং খুব দীর্ঘদিন ধরে পরিকল্পনা, আলোচনা, লোকেশন অনুসন্ধান এবং কণ্ঠস্বর নির্বাচন করেছি।

| ধাপসমূহ | | সীমা |
|---|---|---|
| প্রিপ্রোডাকশন | পরিকল্পনা, গবেষণা, প্রস্তাবনা, যোগাযোগ | অক্টোবর ১০ |
| | লোকেশন স্কাউটিং, রিক্রুটমেন্ট | অক্টোবর ২৯ |
| | টেকনিক্যাল রেকি,শিডিউল ব্রেকডাউন | নভেম্বর ২০ |
| প্রোডাকশন | লোকেশন শ্যুটিং | ডিসেম্বর ১০ |
| | সাক্ষাৎকার | ডিসেম্বর ১৫ |
| পোস্ট-প্রোডাকশন | রাফ কাট | ডিসেম্বর ২৩ |
| | ফাইন কাট | ডিসেম্বর ২৭ |
| | জমা | ডিসেম্বর ৩১ |

## 1.6. Detailed Structure

The proposed documentary was to be 8-12 minutes long. I wanted to divide the documentary into three parts. These three parts would be the three periods of the river—the birth and youth of the past, the dying state of the present, and its rebirth in the future. Based on this division of time, I followed Aristotle's three-act structure in building the structure in line with it.

| Phase | Description | Visual | Duration |
|---|---|---|---|
| The Past | The identity of the Narod River. Its geographical location, birth, and youth. Its glorious history will be narrated by a historian. | Old pictures, maps, and documents will be presented as scenes. There will be pictures of Narod that were painted by artists. | 2–3 minutes |
| The Present | The deplorable condition of the Narod. The search for the institutions and individuals responsible for this outcome. The resulting waterlogging and other crises. The subject of this part is the organizations and conscious citizens working to rescue the Narod. | The scenes will be shot on location. The image of pollution will be captured. | 4–6 minutes |

| | | | |
|---|---|---|---|
| The Future | The Barendra Multipurpose Development Authority has embarked on the rescue of the Narod. The Narod is seeing a glimmer of hope for rebirth. The views of the concerned people on this issue. | The design and documents of the plan will be presented as scenes. | 2–3 minutes |
| | | Total duration: 8–12 minutes | |

I have created a three-act structure by dividing the past, present, and future into three acts, which will be decorated in 2–3 minutes, 4–6 minutes, and 2–3 minutes in the first, second, and third acts respectively. The climax will be in the third act. The climax will discuss the extreme cost of losing the Narod River forever. After the climax, the picture of various steps for the restoration of the river will emerge.





Image: Three-Act Structure of the Documentary

**কাঠামো বিস্তার**

প্রস্তাবিত প্রামাণ্যচিত্রের দৈর্ঘ্য নির্ধারণ করেছিলাম ৮–১২ মিনিট। প্রামাণ্যচিত্রটিকে আমি তিন অংশে ভাগ করতে চেয়েছি। এই তিন অংশ হবে নদীর তিনটি কাল—অতীতের জন্ম ও যৌবন, বর্তমানের মৃতপ্রায় দশা, ভবিষ্যতের পুনর্জন্ম। এরূপ কাল বিভাজনের উপর ভিত্তি করে, তার সাথে সামঞ্জস্য রেখে কাঠামো নির্মাণে এরিস্টটলের তিন অঙ্কের কাঠামো অনুসরণ করেছি।

| পর্যায় | বর্ণনা | দৃশ্য | দৈর্ঘ্য |
|---|---|---|---|
| অতীত | নারদ নদের পরিচয়। ভৌগোলিক অবস্থান, জন্ম ও যৌবন। তার গৌরবময় ইতিহাস। বর্ণনা করবেন ইতিহাসবেত্তা। | দৃশ্য হিসেবে উপস্থাপিত হবে পুরাতন ছবি, ম্যাপ, দস্তাবেজ। শিল্পীর তুলিতে নারদের চিত্র। | ২–৩ মিনিট |
| বর্তমান | নারদের শোচনীয় অবস্থা। এই পরিণতির পেছনে দায়ী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সুলুকসন্ধান। পরিণামে সৃষ্ট জলাবদ্ধতা ও অন্যান্য সঙ্কট। এই অংশের উপজীব্য নারদ উদ্ধারে আন্দোলনরত সংগঠন ও সচেতন নাগরিক। | দৃশ্যধারণ হবে সরেজমিনে। দূষণের চিত্র ধারণ করা হবে। | ৪–৬ মিনিট |
| ভবিষ্যৎ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ নারদকে উদ্ধারে নেমেছে। পুনর্জন্মের আশার আলো দেখছে নারদ। এই বিষয়ে সংশ্লিষ্টদের ভাষ্য। | পরিকল্পনার নকশা ও নথিপত্র দৃশ্য হিসাবে থাকবে। | ২–৩ মিনিট |
| | | মোট দৈর্ঘ্য: ৮–১২ মিনিট | |

এই অতীত, বর্তমান ও ভবিষ্যতকেই তিনটি অঙ্কে বিভক্ত করে আমি তিন অঙ্কের কাঠামো তৈরি করেছি যা যথাক্রমে ১ম, ২য় ও ৩য় অঙ্কে ২–৩ মিনিট, ৪–৬ মিনিট ও ২–৩ মিনিটে সজ্জিত হবে। এর ক্লাইম্যাক্স থাকবে ৩য় অঙ্কে। ক্লাইম্যাক্সে আলোচিত হবে নারদ নদকে চিরতরে হারানোর চরম মূল্য। ক্লাইম্যাক্সের পরই মূলত নদ পুনরুদ্ধারের জন্য বিভিন্ন পদক্ষেপের চিত্র উঠে আসবে।

### 1.7. Crew Details

My project did not require a large team. I believe independent filmmaking should truly be self-dependent. I tried to do most of the work myself in my documentary. However, my lack of expertise in camera operation forced me to hire a cinematographer.

I had been very fortunate to have Shakib Hossain of the 3rd semester as my director of photography. He had been the project's cinematographer, camera operator, focus puller, and technical adviser all at the same time.

Shazid Shams of the 6th semester volunteered to be my assistant director in this project. I did not plan for an assistant director initially. However, working with Shazid made me realize the importance of assistance at every step. He too worked as a production assistant, creative consultant, and camera operator all at the same time.

### কলাকুশলীর বিবরণ

আমার প্রকল্পের জন্য বড় দলের প্রয়োজন ছিল না। আমি বিশ্বাস করি, স্বাধীন চলচ্চিত্র নির্মাণ সত্যিই স্ব-নির্ভর হওয়া উচিত। আমি আমার প্রামাণ্যচিত্রের বেশিরভাগ কাজ নিজেই করার চেষ্টা করেছি। তবে, ক্যামেরা অপারেটে আমার দক্ষতার অভাব আমাকে একজন চিত্রগ্রাহক নিয়োগ করতে বাধ্য করেছে।


আমি ৩য় সেমিস্টারের সাকিব হোসেনকে আমার সিনেমাটোগ্রাফার হিসেবে পেয়ে অনেক ভাগ্যবান। তিনি একইসাথে প্রকল্পের চিত্রগ্রাহক, ক্যামেরা অপারেটর, ফোকাস পুলার এবং প্রযুক্তিগত উপদেষ্টা ছিলেন।

৬ষ্ঠ সেমিস্টারের শাজিদ শামস এই প্রকল্পে আমার সহকারী পরিচালক হিসেবে স্বেচ্ছাসেবক হয়েছিলেন। প্রথমে আমার সহকারী পরিচালকের পরিকল্পনা ছিল না। তবে, শাজিদের সাথে কাজ করার ফলে প্রতিটি ধাপে সহায়তার গুরুত্ব সম্পর্কে আমার উপলব্ধি হয়েছে। তিনিও একইসাথে প্রযোজনার সহকারী, সৃজনশীল উপদেষ্টা এবং ক্যামেরা অপারেটর হিসেবে কাজ করেছেন।



Director & Editor : Bikromaditto

পরিচালক ও সম্পাদক : বিক্রমাদিত্য



Assistant Director:

Shazid Shams

সহকারী পরিচালক:

শাজিদ শামস



Director of Photography:

Shakib Hossain

চিত্রগ্রাহক

সাকিব হোসেন

## 1.8. Location Recce

I went to the locations before my crew arrived on Natore. I visited the factories and river banks by myself from December 2 to 6 as part of technical recce. Of course, I had been scouting the locations with the intention of filmmaking for almost a year before the production even began.



Image: Stills from Location Recce

## 1.9. Selecting the Voices

As there is no voice-over in my documentary, it was crucial to select the voice of people with great care. I will not be telling anyone's story on their behalves, rather they will tell their stories themselves.

At first, I included Somor Paul, a historian specializing in Natore, and Mahbub Siddiqui, the author of *Narod Nod* in my list of selections. Then I filtered them out because I wanted these voices to be within Narod. Alongside the experts, I wanted nameless voices. I came to have an interesting experience in this journey of searching voices of the masses. While doing my research, I realized that the common people, more specifically, common men had little interest in the survival of Narod. It was only the culturally or intellectually privileged class who felt the pain of loss. On the contrary, women were far more sympathetic to the river and held more vibrant memories. The only exception in this case was the elderly.

**Dr. Md. Abu Hanif Sheikh** is a renowned river scholar. Currently, he is the professor emeritus at Rajshahi University. He has published multiple research articles on Narod. His book on the rivers of Bangladesh has provided valuable insights to my research. I wanted him for my documentary because of his knowledge of rivers and particularly of the geography of Narod.



Image: Dr. Md. Abu Hanif Sheikh

**Zakir Talukdar** is a Bangla Academy award-winning author. He is known in both Bengals for his contribution to Bangla literature. He is also an organizer and an activist. He is needed in my documentary to explicate the historical significance of Narod, his relation to it, and his reaction to its demise.



Image: Zakir Talukdar

**Baban Farazi** is the president of ‘Nodi Bachao Andolon’ in Natore. He is a correspondent of Bangladesh Songbaad Songstha and the president of Natore Press Club. His role in my documentary will be to enlighten us about the past and ongoing projects concerning Narod.



Image: Babon Farzai

**Kartik Udash** is a popular Baul musician in Natore. He is most known for his song: *'Amar bari Natore e, Narod noder paare.'* I wanted him to perform the song *'Amay ghumaite dilo na'* in my documentary to add dimension to it.




Image: Kartik Udash and His Group

Everyone above have close connections to Narod in their own ways. they are affected by the decay of Narod and have raised their voices many times against it on Narod's behalf. I will not take the statements of the authorities or the so-called responsible people. I will only take the statements of those who have been affected in some way. Because I will not take a camera to places where ordinary people do not have easy access.

**কণ্ঠ নির্বাচন**

আমার প্রামাণ্যচিত্রে কোন কথক নেই, তাই মানুষের কণ্ঠস্বর নির্বাচন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। আমি কারোর পক্ষে তাদের গল্প বলব না, বরং তারা নিজেরাই তাদের গল্প বলবে।

প্রথমে, আমার নির্বাচিত তালিকায় নাটোরের ঐতিহাসিক সোমর পল এবং 'নারদ নদ' গ্রন্থের লেখক মাহবুব সিদ্দিকীকে অন্তর্ভুক্ত করেছিলাম। তারপরে আমি তাদের বাদ দিয়েছিলাম কারণ আমি চেয়েছিলাম এই কণ্ঠস্বরগুলি নারদ নদের সাথে সম্পর্কিত হোক। বিশেষজ্ঞদের পাশাপাশি আমি নামহীন কণ্ঠস্বরও চেয়েছিলাম। আমার এই সাধারণ মানুষের কণ্ঠস্বর খুঁজতে একটি রোমাঞ্চকর অভিজ্ঞতা হয়েছে। গবেষণা করার সময় আমি বুঝতে পেরেছিলাম যে সাধারণ মানুষ, বিশেষ করে পুরুষরা, নারদের টিকে থাকার বিষয়ে খুব বেশি আগ্রহী নন। শুধুমাত্র সাংস্কৃতিক বা বুদ্ধিবৃত্তিকভাবে সম্পন্ন শ্রেণীই ক্ষতির বেদনা অনুভব করে। এর বিপরীতে, নারীর প্রতি নারীদের আরও সহানুভূতি ছিল এবং তাদের আরও প্রাণবন্ত স্মৃতি ছিল। এক্ষেত্রে একমাত্র ব্যতিক্রম হলো বয়োজ্যেষ্ঠ মানুষ।

**ড. মো. আবু হানিফ শেখ** একজন বিখ্যাত নদী বিশেষজ্ঞ। বর্তমানে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক। তিনি নারদ নদী নিয়ে একাধিক গবেষণা নিবন্ধ প্রকাশ করেছেন। নদী সম্পর্কে তার জ্ঞান, বিশেষ করে নারদ নদের ভূগোল সম্পর্কে তার জ্ঞানের কারণে আমি তাকে আমার প্রামাণ্যচিত্রের জন্য চেয়েছিলাম।

**জাকির তালুকদার** বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখক। বাংলা সাহিত্যে অবদানের জন্য দুই বাংলাতেই তিনি পরিচিত। তিনি একজন সংগঠক এবং কর্মীও। নারদের ঐতিহাসিক গুরুত্ব, তার সাথে তার সম্পর্ক এবং তার ধ্বংসের প্রতিক্রিয়া ব্যাখ্যা করার জন্য তিনি আমার প্রামাণ্যচিত্রে প্রয়োজন।

**বাবন ফারাযী** নাটোরের 'নদী বাঁচাও আন্দোলন' এর সভাপতি। তিনি বাংলাদেশ সংবাদ সংস্থার প্রতিনিধি এবং নাটোর প্রেস ক্লাবের সভাপতিও। আমার প্রামাণ্যচিত্রে তার ভূমিকা হবে আমাদেরকে নারদ সম্পর্কিত অতীত ও চলমান প্রকল্প সম্পর্কে জ্ঞান দান করা।

**কার্তিক উদাস** নাটোরের একজন জনপ্রিয় বাউল শিল্পী। তিনি *'আমার বাড়ি নাটোরে, নারদ নদীর পাড়ে'* গানের জন্য সর্বাধিক পরিচিত। আমি চেয়েছিলাম তিনি আমার প্রামাণ্যচিত্রে *'আমায় ঘুমাইতে দিলো না'* গানটি পরিবেশন করবেন যা আমার চলচ্চিত্রে আলাদা মাত্রা এনে দিবে।

উপরে উল্লিখিত প্রত্যেকেরই নারদ নদের সাথে তাদের নিজস্বাধীন ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। তারা নারদের অবক্ষয়ের দ্বারা প্রভাবিত হয়েছেন এবং এই নদের পক্ষে অনেকবার তাদের কণ্ঠস্বর তুলেছেন। আমি কর্তৃপক্ষের বা তথাকথিত দায়িত্বশীল কারো বক্তব্য নিব না। শুধুমাত্র যারা কোনো না কোনভাবে ক্ষতিগ্রস্ত তাদেরই বক্তব্য নিব। কারণ সাধারণ মানুষের যেখানে সহজ প্রবেশাধিকার নাই সেখানে আমি ক্যামেরা নিয়ে যাব না।

### 1.10. Budget (Real)

Following is the actual budget for my project.

আমার প্রকল্পের প্রকৃত বাজেট নিম্নরূপ:

| Phase | Sector | Allotment | Sub-total |
|---|---|---|---|
| Pre-production | Research (Books and Journals) | 2,000/= | 11,500/= |
| | Printing, Photocopy, and Communication | 1,000/= | |
| | Equipment (Camera, microphone, gimbal,) | 7,500/= | |
| Production | Transportation | 6,000/= | 18,000/= |
| | Food | 7,000/= | |
| | Remuneration | 5,000/= | |
| Post-production | Transportation | 1,000/= | 2,500/= |
| | Food | 1,000/= | |
| | Pendrive | 500/= | |
| Others | | 2,000/= | 2,000/= |
| Total | | 34,000/= | |

### 1.11. Schedule Breakdown

We were a team of three members and everyone had their call times at the same hour as all of us were present at the time of each shot. That is why there was no conventional call sheet in my production. However, I had broken down the shooting schedule for us to follow through. We had no ND filter with us so could not shoot with the sun over our heads. That is why most of the outdoor shots were scheduled for early in the morning. For the interior shoots, I preferred nighttime so that I could utilize the whole day. My schedule looked as the following–

| Date | Location/People | Time |
|---|---|---|
| Dec 5 | EXT. Sugar Mill | 4:00 p.m. |
| Dec 6 | EXT. My neighborhood | 8:00 a.m. |
| | EXT. Woman 1 | 10:00 a.m. |
| Dec 7 | EXT. The city | 8:00 a.m. |
| | INT. Zakir Talukdar | 1:00 p.m. (Canceled) |
| Dec 8 | Off | |
| Dec 9 | Off | |
| Dec 10 | EXT. Pran | 8:00 a.m. |
| | EXT. Old man | 11:00 a.m. |
| | INT. Baban Farazi | 9:00 p.m. |

| Date | Location/People | Time |
| --- | --- | --- |
| Dec 11 | EXT. Jamuna | 8:00 a.m. |
| | INT. Kartik Udas | 7:00 p.m. |
| Dec 12 | INT. Professor Sheikh | 10:00 a.m. |
| | EXT. Shyampur-Katakhali | 4:00 p.m. |
| Dec 13 | EXT. Woman 2 | 10:00 a.m. |
| | INT. Zakir Talukdar | 1:00 p.m. (Rescheduled) |
| Dec 14 | EXT. Sugar Mill (reshoot) | 8:00 a.m. |

**সময়সূচী বিভাজন**

আমরা তিন সদস্যের একটি টিম ছিলাম এবং প্রতিটি দৃশ্যের সময় আমরা সবাই একই সময়ে উপস্থিত থাকতাম, তাই আমাদের কল টাইমও একই থাকত। এ কারণেই আমার প্রযোজনায় কোনো প্রচলিত কল শিট ছিল না। তবে, আমাদের অনুসরণ করার জন্য আমি শুটিংয়ের সময়সূচী ভেঙে দিয়েছিলাম। আমাদের সাথে কোনো এনডি ফিল্টার ছিল না, তাই সূর্য আমাদের মাথার উপরে থাকা অবস্থায় শুটিং করা যায়নি। এ কারণেই বেশিরভাগ বহিরঙ্গন দৃশ্য সকালবেলায় নির্ধারিত হয়েছিল। অভ্যন্তরীণ শুটিংয়ের জন্য, আমি রাতের বেলা পছন্দ করতাম, যাতে আমি পুরো দিন কাজে লাগাতে পারি। আমার সময়সূচীটি নিম্নলিখিত রূপে ছিল–

| দিন | স্থান/মানুষ | সময় |
| --- | --- | --- |
| ডিসে ৫ | বাহির। চিনি কল | বিকাল ৪টা |
| ডিসে ৬ | বাহির। আমার পাড়া | সকাল ৮টা |
| | বাহির। মহিলা ১ | সকাল ১০টা |
| ডিসে ৭ | বাহির। শহর | সকাল ৮টা |
| | ভিতর। জাকির তালুকদার | দুপুর ১টা (বাতিল) |
| ডিসে ৮ | স্থগিত | |
| ডিসে ৯ | স্থগিত | |
| ডিসে ১০ | বাহির। প্রাণ | সকাল ৮টা |
| | বাহির। বৃদ্ধ | সকাল ১১টা |
| | ভিতর। বাবন ফারাযী | রাত ৯টা |

| দিন | স্থান/মানুষ | সময় |
|---|---|---|
| ডিসে ১১ | বাহির। যমুনা | সকাল ৮টা |
| | ভিতর। কার্তিক উদাস | সন্ধ্যা ৭টা |
| ডিসে ১২ | ভিতর। অধ্যাপক শেখ | সকাল ১০টা |
| | বাহির। শ্যামপুর-কাটাখালী | বিকাল ৪টা |
| ডিসে ১৩ | বাহির। মহিলা ২ | সকাল ১০টা |
| | ভিতর। জাকির তালুকদার | দুপুর ১টা (পুনর্নির্ধারিত) |
| ডিসে ১৪ | বাহির। চিনি কল | সকাল ৮টা (রিশুট) |

## 1.12. Technical Equipment List

Cam A, its accessories, and the Gimbal were rented from the DOP Shakib Hossain. I could not manage an ND filter which was a priority on my list. I avoided using a tripod for one reason which is it would hinder our shooting and another reason is that I preferred moving, handheld shots.

The list of the technical equipments is given in the next page.

**প্রযুক্তিগত সরঞ্জামের তালিকা**

ক্যাম এ, এর অনুষঙ্গ, এবং গিম্বল ভাড়া নেয়া হয়েছিল চিত্রগ্রাহক সাকিব হোসেনের কাছ থেকে। আমি এনডি ফিল্টার যোগাড় করতে পারিনি, যা আমার অগ্রাধিকার ছিল। আমি ট্রাইপডের ব্যবহার এড়িয়ে গিয়েছি তার একটা কারণ হলো এটা আমাদের শ্যুটিং-এর গতি মন্থর করে দিবে এবং আরেকটা কারণ ছিল যে আমি গতিশীল, হাতে-ধরা শট বেশি পছন্দ করেছি।

সরঞ্জামের তালিকা পরবর্তী পৃষ্ঠায় দেয়া আছে।








<u>Image: Three Cameras Used in this Documentary</u>

| Gears | | Specifications | Status |
|---|---|---|---|
| Camera | Cam A | Sony Alpha IV (1) | Equipped |
| | Cam B | Canon 80D (1) | |
| | Cam C | Canon Rebel Sl3 (1) | |
| Lens | Cam A | Sigma 24-70mm f/2.8 | Equipped |
| | Cam B, C | Canon EF-S 24mm f/2.8 | |
| | Cam B, C | Canon EF-S 18-55mm f/3.5-5.6 | |
| | Cam B, C | Canon EF 50mm f/1.8 | |
| Sound Recorder | | Synco G2A1 (pair) | Equipped |
| Gimbal | | Dji Ronin RS2 pro | Equipped |
| Tripod | | Not Applicable | |
| ND Filter | | Not Available | |

## 1.13. Production Shot List

All shots will be taken with a 35mm lens. The shots will be handheld. No shots will be static.

Scenes:

1. Jamuna Distillery
2. Natore Sugar Mill
3. Pran RFL
4. Kishoan Agro Limited
5. Black polluted water
6. Water hyacinth in the river
7. Paddy beds in the river
8. Piles of garbage in the river
9. The sound of the river
10. Children playing on the banks of the river
11. Rajan Sweets Shop - Bridge - Land for sale in plots - Narod
12. Graveyard - Debris - Narod
13. Sugar mill waste
14. Broken bamboo bridge
15. Trucks loaded with sugarcane - Children running
16. Insects on the dead bodies of animals
17. Houses built on the riverbank
18. Sewage water mixing with river water

People:

1. Elderly - Memory
2. Elderly woman - Memory
3. Journalist - Situation
4. Literary figure - History
5. Local man - Memory
6. Local woman - Situation + Memory
7. Organizer - Progress

**প্রযোজনা শট লিস্ট**

সমস্ত শট নেয়া হবে ৩৫ মিমি লেন্সে। শট হবে হাতে-ধরা। কোনো শটই স্থির হবে না।

দৃশ্য:

১) যমুনা ডিস্টিলারিজ

২) নাটোর সুগার মিল

৩) প্রাণ আর এফ এল

৪) কিশোয়ান এগ্রো লিমিটেড

৫) কালো দূষিত জল

৬) নদীতে কচুরিপানা

৭) নদীতে ধানের বেড

৮) নদীতে আবর্জনার স্তুপ

৯) নদীর সোঁতা

১০) নদীর ধারে শিশুরা খেলছে

১১) রাজন মিষ্টান্ন ভাণ্ডার - ব্রিজ - প্লট আকারে জমি বিক্রি হবে - নারদ

১২) শশ্মান - দেহাবশেষ - নারদ

১৩) সুগার মিলের বর্জ্য

১৪) ভেঙে পড়া বাঁশের সাঁকো

১৫) আখ বোঝাই গাড়ি - শিশুরা দোড়াচ্ছে

১৬) প্রাণীর মৃতদেহে কীট পতঙ্গ

১৭) নদী দখল করে বাসা বাড়ি

১৮) নদীতে নর্দমার জল মিশছে

মানুষ:

১) বৃদ্ধ  - স্মৃতি

২) বৃদ্ধা - স্মৃতি

৩) সাংবাদিক - পরিস্থিতি

৪) সাহিত্যিক - ইতিহাস

৫) স্থানীয় পুরুষ - স্মৃতি

৬) স্থানীয় নারী - পরিস্থিতি+স্মৃতি

৭) সংগঠক - অগ্রগতি

## 1.14. Pre-Production Stills

The following are the captures of the documents I prepared during the pre-production phase.






Image: Powerpoint Title Page of Pitch Presentation


টিএফপি ৪১৯ : গ্র্যাজুয়েট প্রযোজনা

প্রকল্প প্রস্তাব : প্রামাণ্যচিত্র

bikrom-6th-2018624845@tfp.du.ac.bd

Image: Project Proposal of the Documentary

## 1.15. Pre-Production Experience

During the pre-production phase, I spoke to countless people from all walks of life. Sometimes in front of the camera, sometimes in the absence of the camera. As I talked, I saw two types of characters in the context of Narod:

One, ordinary people who avoid talking about illegal occupations. They blame the pollution for the disappearance of Narod's existence, and the pollution of the big industrial establishments.

Two, privileged people who give special importance to illegal occupation. In their discussion, the factory does not get importance or is completely hidden.

I enjoyed this phase the most, as I do in all projects.

**প্রাক-নির্মাণ অভিজ্ঞতা**

প্রাক-নির্মাণ পর্যায়ে আমি নানান স্তরের অসংখ্য মানুষের সাথে কথা বলেছি। কখনো ক্যামেরার সামনে, কখনো ক্যামেরার অনুপস্থিতিতে। কথা বলতে গিয়ে আমি নারদের প্রেক্ষিতে দুই ধরনের চরিত্র দেখতে পেলাম:

এক, সাধারণ মানুষ যারা অবৈধ দখলের কথা একরকম এড়িয়ে যান। তারা নারদের অস্তিত্ব বিলীনের জন্য মূলত দূষণকে, এবং দূষণের জন্য মূলত বড় বড় শিল্পপ্রতিষ্ঠানকে দায়ী করেন।

দুই, সুবিধাপ্রাপ্ত মানুষ যারা অবৈধ দখলকে বিশেষ গুরুত্ব দেন। তাদের আলোচনায় কল-কারখানা গুরুত্ব পায় না অথবা পুরোপুরি উহ্য থাকে।

আমি এই ধাপটি সবচেয়ে বেশি উপভোগ করেছি যেমনটা করে থাকি অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে।

## PHASE 2: PRODUCTION

In the production phase, I implemented the ideas of the pre-production. However, I kept the structure flexible enough so that I could improvise while shooting, That's why I took impromptu shots on location. Similarly, while taking interviews, I loosely described what I wanted to hear from the people and let them go in whatever direction they wanted to. This is how I could bring out the raw emotions from people without interfering.

The audio devices were connected and synced with the camera, so I did not have to use to a log sheet during my shooting.

My DOP had proxy files with all the footage of Cam A. It helped me while editing. I took a backup of the files every day after shooting on my laptop. I created a project file in Premiere Pro and started working on organizing it within the software. It can be said that my post-production phase started almost simultaneously with the production phase. I linked the proxies with the footage every day.

## পর্যায় ২: নির্মাণ

নির্মাণ পর্বে, আমি প্রাক-নির্মাণের পরিকল্পনাকে কাজে লাগিয়েছিলাম। তবে, গঠনটাকে যথেষ্ট নমনীয় রেখেছিলাম যাতে শুটিং চলাকালীন সময়ে আমি ইমপ্রোভাইজ করতে পারি। সেজন্যই লোকেশনে আমি অপ্রত্যাশিত কিছু শটও নিয়েছি। একইভাবে, সাক্ষাৎকার নেওয়ার সময় আমি ঢিলেঢালাভাবে বর্ণনা দিয়েছিলাম যে লোকজনের কাছ থেকে আমি কী শুনতে চাই এবং তাদেরকে যেদিকে তারা যেতে চায় সেদিকে যেতে দিয়েছি। এভাবে, হস্তক্ষেপ ছাড়াই মানুষের কাছ থেকে আসল অনুভূতিগুলো বের করে আনতে পেরেছি।

শব্দগ্রাহক যন্ত্রগুলো ক্যামেরার সাথে সংযুক্ত ছিল বিধায় আমাকে শ্যুটিং-এর সময় আলাদা করে লগ শীট ব্যবহার করতে হয়নি।

আমার চিত্রগ্রাহক ক্যাম এ-এর সব ফুটেজের প্রক্সি ফাইল নিয়ে রেখেছিলেন। এডিটিংয়ের সময় এটি অনেক সাহায্য করেছে। শুটিংয়ের পর প্রতিদিনই আমি আমার ল্যাপটপে ফাইলের ব্যাকআপ নিতাম। প্রিমিয়ার প্রোতে একটি প্রোজেক্ট ফাইল তৈরি করে সফটওয়্যারের মধ্যে এটি সংগঠিত করার কাজ শুরু করলাম। বলা যায়, প্রায় উৎপাদন পর্বের সাথে সাথেই আমার পোস্ট-প্রোডাকশন পর্ব শুরু হয়েছিল। প্রতিদিনই আমি প্রক্সিগুলোকে ফুটেজের সাথে লিঙ্ক করতাম।

## 2.1. Production Stills

I had been the behind-the-scenes photographer for my documentary. That is why I am not in most of the frames.

আমি আমার তথ্যচিত্রের জন্য পর্দার পিছনের ফটোগ্রাফার ছিলাম। তাই বেশিরভাগ ফ্রেমে আমার ছবি নেই।




Image: Behind the Scenes Footages

## 2.2. Production Experience

Production is the least interesting phase to me, personally. To be honest, my experience in this documentary's principal photography phase did not boost my enthusiasm. Nonetheless, this phase has its beauty. I enjoyed working with my crews while learning from each other at every step. I was, or at least I thought I was very bad at teamwork. Whereas filmmaking is an art form that can hardly be done alone. My graduate production taught me a lot about teamwork.

I thought that if I went to the field with a camera, I would get enough reactions from people. But in reality, the picture was different on the ground. The common people are heavily affected by the pollution of the Narod River, but they are not very aware of this occupation and pollution. Especially poor men, the disappearance of Narod is not a matter of concern to them. Even Narod is almost on the way to being lost in the memory of ordinary people. Even if you go near the source of it, you can see that many of the people around do not know the name of this stream.

In this production, our biggest opponent was the weather. First, we had to turn off the camera when the sun came up completely. Besides, we had to sit and wait for the shoot for two whole days because it was raining continuously.

The people I chose as voices were all very busy. Despite being very interested, I had to keep going back and forth with my schedule during the conversation with them.

**নির্মাণ অভিজ্ঞতা**

ব্যক্তিগতভাবে আমার কাছে প্রোডাকশন সবচেয়ে কম আকর্ষণীয় পর্যায়। সত্যি কথা বলতে কি, এই ডকুমেন্টারির প্রধান ফটোগ্রাফি পর্বে আমার অভিজ্ঞতা আমার উৎসাহ বাড়ায়নি। যাইহোক, এই পর্যায়ে তার সৌন্দর্য আছে. প্রতিটি ধাপে একে অপরের কাছ থেকে শেখার সময় আমি আমার ক্রুদের সাথে কাজ করা উপভোগ করেছি। আমি, অন্তত আমি ভেবেছিলাম যে আমি, দলগত কাজে খুব খারাপ। যেখানে চলচ্চিত্র নির্মাণ একটি শিল্পমাধ্যম যা খুব কমই একা করা যায়। আমার স্নাতক প্রোডাকশন আমাকে দলীয় কাজ সম্পর্কে অনেক কিছু শিখিয়েছে।

আমার ধারণা ছিল সরেজমিনে ক্যামেরা নিয়ে নামলে যথেষ্ট মানুষের প্রতিক্রিয়া পাওয়া যাবে। কিন্তু বাস্তবে মাঠে নেমে দেখা গেল ভিন্ন চিত্র। সাধারণ মানুষ নারদ নদের দূষণ দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হলেও, তারা এই দখল-দূষণ সম্বন্ধে খুব একটা ওয়াকিবহাল নন। বিশেষ করে নিম্নবিত্ত পুরুষ যারা, নারদের বিলীন হওয়া তাদের কাছে তেমন উদ্বেগের বিষয় নয়। এমনকি সাধারণ মানুষের স্মৃতি থেকেও নারদ প্রায় হারিয়ে যাওয়ার পথে। এর উৎসমুখের কাছাকাছি গিয়েও দেখা যায় যে আশেপাশের অনেকেরই এই সোঁতার নাম-পরিচয় জানা নাই।

এই প্রযোজনায় আমাদের সবচেয়ে বড় প্রতিপক্ষ ছিল আবহাওয়া। প্রথমত, রোদ পুরোপুরি উঠে গেলে আমাদের ক্যামেরা বন্ধ করে দিতে হয়েছে। তাছাড়া পুরো দুই দিন আমাদের শ্যুট বন্ধ করে বসে থাকতে হয়েছে কারণ টানা বৃষ্টি ছিল।

আমি কণ্ঠ হিসেবে যাদের নির্বাচন করেছি তারা প্রত্যেকেই খুবই ব্যস্ত ছিলেন। অত্যন্ত আগ্রহী হওয়া সত্ত্বেও তাদের সাথে আলাপচারিতার সময় বারবার আগাতে-পিছাতে হয়েছে।

## PHASE 3: POST-PRODUCTION

This is the final phase of any production. I myself was the post-production supervisor. followed the below-mentioned steps in the post-production phase–

a. Copy items
b. Back up items
c. Set up the timeline
d. Shorten the duration
e. Add b-rolls
f. Make the rough cut
g. Fine-tune the audio
h. Set background music
i. Recolor
j. Add graphics
k. Add subtitle
l. Render final output

## পর্যায় ৩: নির্মাণ-পরবর্তী

এটি যেকোনো প্রযোজনার শেষ ধাপ। পোস্ট-প্রোডাকশন সুপারভাইজার আমি নিজেই ছিলাম। পোস্ট-প্রোডাকশন পর্বে নিচের ধাপগুলো অনুসরণ করেছিলাম—

ক. আইটেম কপি করা।
খ. আইটেম ব্যাক-আপ রাখা।
গ. টাইমলাইন সেটআপ করা।
ঘ. সময়কাল কমানো।
ঙ. বি-রোল যুক্ত করা।
চ. রাফ কাট তৈরি করা।
ছ. অডিও ফাইন-টুনিং করা।
জ. ব্যাকগ্রাউন্ড মিউজিক সেট করা।
ঝ. রি-কালার করা।
ঞ. গ্রাফিক্স যুক্ত করা।
ট. সাবটাইটেল যুক্ত করা।
ঠ. ফাইনাল আউটপুট রেন্ডার দেয়া।

## 3.1. Post-Production Tools

- Adobe Premiere Pro CC 2020
- Adobe Audition CC 2020
- Adobe Photoshop CC 2019
- Autodesk Sketchbook

## নির্মাণ-পরবর্তী সরঞ্জাম

- অ্যাডোবে প্রিমিয়ার প্রো সিসি ২০২০
- অ্যাডোবে অডিশন সিসি ২০২০
- অ্যাডোবে ফটোশপ সিসি ২০১৯
- অটোডেস্ক স্কেচবুক

### 3.1.1. Sequence Settings

| | | | |
|---|---|---|---|
| Ratio | 16:9 | Audio | 48 kHz |
| Frame rate | 23.9 fps | Resoltion | 1920x1080 |

### সিকোয়েন্স সেটিংস

| | | | |
|---|---|---|---|
| অনুপাত | ১৬:৯ | শব্দ | ৪৮ কিলোহার্জ |
| ফ্রেম রেট | ২৩.৯ ফ্রে/সে. | গুণমান | ১৯২০x১০৮০ |

### 3.1.2. Layers in Timeline

| | | |
|---|---|---|
| Video tracks | V8 | Subtitle |
| | V7 | Black bar |
| | V6 | Graphics |
| | V5 | Lower third |
| | V4 | Coloring layer (B-roll) |
| | V3 | B-roll |
| | V2 | Coloring layer (Interview) |
| | V1 | Interview |
| Audio tracks | A1 | Camera audio (muted) |
| | A2 | Sync audio |
| | A3 | Ambience |
| | A4 | Music |
| | A5 | Music |

### 3.1.3. Export Settings

| | |
|---|---|
| Codec | H.264 |
| Resolution | Full HD 1080p |
| Format | mp4 |
| With Credit | 11 minutes 33 seconds |
| Without Credit | 11 minutes 22 seconds |

### 3.2. Credit Line Details

Director and Editor

BIKROMADITTO

Supervisor

SM IMRAN HOSSAIN

Assistant Director

SHAZID SHAMS

Director of Photography

SHAKIB HOSSAIN

Title Graphics & Poster

BIKROMADITTO

Sound

BIKROMADITTO

Background Score

YOUTUBE

Music: “Amay Ghumaite Dilo na”

Lyrics & Tune

MOMTAZ UDDIN BAUL

Performed by

KARTIK UDASH & GROUP

Special Thanks to

PON MAMUN

Acknowledgment

DR. MD ABU HANIF SHEIKH

ZAKIR TALUKDAR

BABAN FARAZI

SHIKON BISWAS

**কলাকুশলীবৃন্দ**

পরিচালক ও সম্পাদক

বিক্রমাদিত্য

তত্ত্বাবধায়ক

এস এম ইমরান হোসেন

সহকারী পরিচালক

শাজিদ শামস

চিত্রগ্রাহক

সাকিব হোসেন

শিরোনাম গ্রাফিক্স ও পোস্টার

বিক্রমাদিত্য

শব্দ

বিক্রমাদিত্য

আবহ সঙ্গীত

ইউটিউব

সঙ্গীত: “আমায় ঘুমাইতে দিল না”

কথা ও সুর:

মমতাজ উদ্দিন বাউল

পরিবেশনা

কার্তিক উদাস ও দল

বিশেষ ধন্যবাদ

পণ মামুন

কৃতজ্ঞতা স্বীকার

ড. মো. আবু হানিফ শেখ

জাকির তালুকদার

বাবন ফারাযী

শিখন বিশ্বাস

### 3.3. QR Code to the Film

## 3.4. Graphics

I created the film's title graphics and the lower third motion graphics using Autodesk Sketchbook and Premier Pro.

আমি অটোডেস্ক স্কেচবুক আর প্রিমিয়ার প্রো ব্যবহার করে ছবির শিরোনাম গ্রাফিক্স ও লোয়ার থার্ড মোশন গ্রাফিক্স তৈরি করেছি।




Image: Lower Third Aston





Image: Sketch of Title Graphics




Image: Final Title Graphics



সমর পালের ‘নাটোরের ইতিহাস’ বইয়ের বিবরণ অনুযায়ী
কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে তৈরি ১৭শ শতকের নারদ

AI-generated 17th century Narod, as described in the book "History of Natore" by Samar Pal,

Image: Graphics with AI-generated Painting

## 3.5. Film Poster

I designed the posters for my film by myself. Below is the evolution of my poster from concept to digitization to finalization.

**ছবির পোস্টার**

আমার ছবির পোস্টারগুলো আমি নিজেই ডিজাইন করেছি। নিচে ধারণা থেকে ডিজিটালাইজেশন এবং চূড়ান্ত পর্যায় পর্যন্ত আমার পোস্টারের বিবর্তন দেখানো হয়েছে।




Image: Draft Sketch of Poster



Image: Digital Poster






Image: Final Poster

## 3.6. Post Production Stills



Department of Television, Film and Photography
University of Dhaka
Requisition Form

178 Date: 10.01.24

Student's name: Bikromaditto

Group:

Batch: 6th | Reg. no: 2018624845 | Class Roll: 27

Date: 11.01.24 | Time:

Project name: Documentary

Course: Graduate Production

Course Teacher: SM Imran Hossain

Course Teacher | Chairman

AUDIO-VISUAL LAB
Department of Television, Film and Photography
University of Dhaka
Requisition Form

176 Date: 10.01.24

Student's name: Bikromaditto

Group:

Batch: | Reg. no: 2018624845 | Class Roll: 27

Date: 11.01.24 | Time:

Project name: Documentary

Course: Graduate Production

Course Teacher: SM Imran Hossain

Course Teacher | Chairman

Image: Requisition Form for Animation Lab




Image: Editing Workspace in Adobe Premier Pro




Image: Timeline Sequence of ‘Shototo He Nod’




Image: Post-production in Depatment’s Animation Lab

### 3.7. Post-Production Experience

Since I created the entire story in the post-production phase, it was a significant step. Although it took less time than pre-production, I had to work much harder. I spent hours after hours in the department's animation lab every single day of the post-production phase. I had to review the previous two phases repeatedly. I had to change my decisions repeatedly. I had to cut many favorite parts that I considered unnecessary or irrelevant.

I am not a skilled editor. But I believe like Eisenstein, the editor's scissors tell the story. That is why I have edited all my audio-visual projects myself so far. In post-production, I learned many new features of Premiere Pro. I am confident that I am not bad as an amateur editor. In addition, I learned Adobe Audition software from scratch. I also learned about re-recording from scratch. I got the idea by studying this matter.

I had to learn advanced software such as After Effects and Cinema 4D while sitting on the editing panel. I learned how to create 3D map animation using the Geolayers extension. I learned how to use attractive motion graphics in the lower third. However, since the complex technical gimmick conflicted with my movie-making philosophy, I finally did not use it.

**নির্মাণ-পরবর্তী অভিজ্ঞতা**

আমি যেহেতু পুরো গল্পটাই তৈরি করেছি পোস্ট-প্রোডাকশন পর্যায়ে তাই এটি ছিল খুবই তাৎপর্যপূর্ণ একটি ধাপ। যদিও প্রিপ্রোডাকশনের তুলনায় এখানে সময় কম ব্যয় হয়েছে কিন্তু পরিশ্রম করতে হয়েছে অনেক বেশি। পোস্ট-প্রোডাকশন পর্বের প্রতিটি দিনে, আক্ষরিক অর্থে ঘণ্টার পর ঘণ্টা বিভাগের অ্যানিমেশন ল্যাবে কাটিয়ে দিয়েছি। আগের দুইটি ধাপ আমাকে পুনঃপুন নিরীক্ষণ করতে হয়েছে। বারবার আমাকে সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়েছে। অনেক প্রিয় অংশ অপ্রয়োজনীয়/অপ্রাসঙ্গিক বিবেচনায় আমাকে কেটে ফেলে দিতে হয়েছে।

আমি দক্ষ সম্পাদক নই। কিন্তু আমি আইজেনস্টাইনের মতো বিশ্বাস করি, সম্পাদকের কাঁচিই গল্পটা বলে। এ কারণে আমার এযাবৎকালের সব অডিওভিজ্যুয়াল প্রকল্পের সম্পাদনা আমি নিজেই করে এসেছি। পোস্ট প্রোডাকশনে এসে আমি নতুন করে প্রিমিয়ার প্রো-র অনেক বৈশিষ্ট্য শিখি। আমার এখন আত্মবিশ্বাস তৈরি হয়েছে যে অপেশাদার সম্পাদক হিসেবে আমি মন্দ নই। তাছাড়া, এডোবে অডিশন সফটওয়্যারটি আমি একদম শুন্য থেকে শিখি। রিকালার করার বিষয়টিও আমার একদম গোড়া থেকে শেখা। এই ব্যাপারে পড়াশোনা করে আমি ধারণা পেয়েছি।

সম্পাদনার প্যানেলে বসে আমাকে আফটার এফেক্টস, সিনেমা ফোরডি প্রভৃতি অত্যাধুনিক সফটওয়্যারও শিখতে হয়েছে। আমি শিখেছি কীভাবে জিওলেয়ারস এক্সটেনশন ব্যবহার করে থ্রিডি ম্যাপ এনিমেশন করা যায়। শিখেছি লোয়ার থার্ডে কীভাবে আকর্ষণীয় মোশন গ্রাফিক্স ব্যবহার করা যায়। তবে যেহেতু আমার ছবি বানানোর দর্শনের সাথে জটিল প্রযুক্তিগত চমক সাংঘর্ষিক তাই শেষ পর্যন্ত আর এসবের ব্যবহার রাখিনি।

——————xxx——————